

পিতা-মাতাগণ/অভিভাবকগণ,

মে মাসে অবহিত করা হয়েছে যে টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (টিডিএসবি - TDSB) সকল পরিবারগণকে 2021-22 স্কুল শিক্ষাবর্ষের জন্য একটি সিলেকশন ফর্ম ফর ইন-পারসন অর ভার্চুয়াল লার্নিং (Selection Form for In-Person or Virtual Learning) সম্পন্ন করার জন্য অনুরোধ করবে।

গত বেশ কয়েক সপ্তাহ ধরে, টরন্টোতে কোভিড-19 কেইসের সংখ্যা হ্রাস পাওয়া অব্যাহত রয়েছে, এবং আমরা প্রাপ্তবয়স্ক ব্যক্তিবর্গ এবং 12-17 বছর বয়সের শিশুদের মধ্যে টিকাসমূহের ব্যাপারে উল্লেখযোগ্য অগ্রগতি দেখেছি। এটি উৎসাহজনক খবর, এবং আমরা 2021 সালের সেপ্টেম্বর মাসে সকল শিক্ষার্থীকে তাদের নিজ-নিজ স্কুল বা হোম স্কুলসমূহের (home schools) সাথে পুনরায় যুক্ত করার এবং তাদের ব্যক্তিগতভাবে স্বাগত জানানোর প্রত্যাশা করছি।

যদিও ভার্চুয়াল শিক্ষণের জন্য অনুরোধসমূহ সমন্বয়সাধন করা হবে যেখানে প্রয়োজন, আমরা শিক্ষার্থীগণকে ব্যক্তিগতভাবে-উপস্থিতির শিক্ষণ (In-Person Learning) নির্বাচন করার জন্য প্রবলভাবে উৎসাহ প্রদান করছি। শিক্ষার্থীগণ কিভাবে সবচেয়ে ভালো শিখছেন সে ব্যাপারে তারা কী অনুভব করেন সে সম্পর্কে আমাদের টিডিএসবির উপাত্ত বা ডেটা এবং শিক্ষার্থীগণের ব্যক্তিগতভাবে-উপস্থিতির শিক্ষণে ফেরত আসার সাথে সম্পর্কিত উপলভ্য উপাত্তের উপর ভিত্তি করেই আমরা প্রত্যয়ের সাথে বিশ্বাস করি যে সেই বছরটি একটি সমস্যাবহুল বছর ছিল তার পরবর্তীতে এটিই হচ্ছে শিক্ষার্থীগণের জন্য সবচেয়ে ভালো বিকল্প।

পরিবারবর্গ অনলাইনে সিলেকশন ফর্ম ফর ইন-পারসন অর ভার্চুয়াল লার্নিংটি (Selection Form for In-Person or Virtual Learning) **বৃহস্পতিবার, 5 আগস্ট থেকে 12 আগস্ট তারিখ** পর্যন্ত সম্পন্ন করতে পারবেন।

**বৃহস্পতিবার, 5 আগস্ট তারিখে** সিলেকশন ফর্মটির লিংক সহ একটি ইমেইল প্রেরণ করা হবে। সেই সকল পরিবারবর্গের দুই বা তার অধিক শিশু রয়েছে তারা প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি করে পৃথক ইমেইল এবং লিংক পাবেন। পরিবারবর্গকে অবশ্যই প্রদত্ত লিংকটি ব্যবহার করে সিলেকশন ফর্মটি সম্পন্ন করতে হবে।

যাদের টিডিএসবির নথিতে কোনো ইমেইল ঠিকানা নেই তারা 10 আগস্ট থেকে 12 আগস্ট তারিখের মধ্যে সিলেকশন ফর্মটি সম্পন্ন করার জন্য একটি টেলিফোন কল পাবেন। যদি আমরা একটি সম্পন্নকৃত সিলেকশন ফর্ম 12 আগস্ট তারিখের মধ্যে না পাই, শিক্ষার্থীগণকে ব্যক্তিগতভাবে-উপস্থিতির শিক্ষণে স্থাপন করা হবে।

আমরা একত্রে কাজ করে স্কুল শিক্ষাবর্ষটি স্বচ্ছন্দে শুরু করার প্রস্তুতি গ্রহণ করায় আপনার সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে [www.tdsb.on.ca/School-Year-2021-22/2021-22-Selection-Form-](http://www.tdsb.on.ca/School-Year-2021-22/2021-22-Selection-Form-) এ যান।